



## বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

প্লট # ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।



স্মারক নং-১৪.৩২.০০০০.৪০০.৩০.০০২.২১.১০৬০

তারিখ : ০৫ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
২০ আগষ্ট ২০২৩ খ্রিঃ

**বিষয়ঃ অফিস স্টেশনারী মালামাল সরবরাহকারী প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিগত ২৮ এপ্রিল ২০২৩ তারিখে দৈনিক সমকাল এবং The Daily Sun পত্রিকায় প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে গত ১৫ মে ২০২৩ তারিখে “ক-ক্যাটাগরী” (অফিস স্টেশনারী মালামাল সরবরাহ) কাজের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের দাখিলকৃত আবেদন সমূহের মধ্যে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহের আবেদন কমিশনের তালিকাভুক্তিকরণ কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। এরই প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বিটিআরসি’র অফিস স্টেশনারী মালামাল সরবরাহের নিমিত্তে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে তালিকাভুক্ত করা হলো :

নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা
১.	এসকে ইনকর্পোরেশন ১৪৯/এ, এয়ারপোর্ট রোড, তেজগাঁও, ঢাকা-১২১৫।
২.	মেসার্স জহির স্টেশনারী ১০৭-১০৮, সুমন সুপার মার্কেট, ৩৩ বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০।
৩.	মেসার্স মানিক ট্রেডার্স ৪৪, টয়েনবি সার্কুলার রোড, জিপিও, ঢাকা-১০০০।
৪.	এসকে সরদার ইঞ্জি. ১২/ছ/২/১, রোড-০২, শ্যামলী, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫.	মেসার্স এশিয়ান স্টেশনারী গুলশান শপিং সেন্টার, বি-৩/এ, গুলশান-১, ঢাকা-১২১২।
৬.	ডাকাতিয়া শাহ আলী টাওয়ার (৩য় তলা), ৩৩, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
৭.	এনএস ট্রেডার্স ৫/এ, বাইগারটাক, কন্টনমেন্ট, পল্লবী, ঢাকা-১২০৬।
৮.	এসকে কর্পোরেশন ১২/এ, রংধনু কমপ্লেক্স, পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬

### শর্তাবলী :

- ১। বর্ণিত প্রতিষ্ঠান সমূহকে ০১ জুলাই ২০২৩ - ৩০ জুন ২০২৫ মেয়াদের জন্য তালিকাভুক্ত করা হলো।
- ২। কমিশনের চাহিদা অনুযায়ী সীমিত দরপত্র আহবান করা হলে দ্রুত সময়ের মধ্যে তার জবাব প্রদানের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানকে তাদের ই-মেইল, ফোন, ফ্যাক্স ও দায়িত্বশীল ব্যক্তির নম্বর কমিশনে জমা দিতে হবে।
- ৩। কমিশন কর্তৃক মালামাল ক্রয়ের জন্য সীমিত দরপত্র আহবান করা হলে যথাসময়ে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
- ৪। যে সকল প্রতিষ্ঠান পর পর ০৩ (তিন) বার কমিশনের চাহিদা অনুযায়ী কোটেশন/সীমিত দরপত্র দাখিলে ব্যর্থ হবে সে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ৫। দরপ্রস্তাব দাখিলের পূর্বে কমিশনের কার্যালয়ে এসে নমুনা সংগ্রহ (প্রয়োজন অনুযায়ী) করে দরপ্রস্তাব দাখিল করতে হবে।

- ৬। মালামাল সরবরাহের জন্য দাখিলকৃত দরপ্রস্তাব কমিশন কর্তৃক গৃহীত হলে নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
- ৭। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে তালিকাভুক্ত বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। দরপত্রে অংশগ্রহণ, বিল দাখিল ও বিল গ্রহণ ইত্যাদি কাজে উপ-ঠিকাদার অথবা প্রতিনিধি নিয়োগ করা যাবে না।
- ৯। দাখিলকৃত দরপ্রস্তাবে দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং কোন প্রকার অনিয়ম, অসাধুতা বা কারচুপি অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১০। তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠান যদি কোথাও কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
- ১১। কার্যাদেশ অনুযায়ী মালামাল সরবরাহ সম্পন্ন করার পর বিল দাখিল করলে কমিশনের প্রচলিত বিধি মোতাবেক ফ্রসড চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।
- ১২। সরকারী নিয়ম অনুযায়ী বিল হতে আয়কর/ভ্যাটকর্তন পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১৩। তালিকাভুক্ত সংক্রান্ত সরকারি বিধি-নিষেধ, সরকারি ক্রয়ের ক্ষেত্রে অন্যান্য সকল নীতিমালা এবং অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম ও সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
- ১৪। কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্তন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল বা মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।



মোঃ কামরুল ইসলাম  
পরিচালক (প্রশাসন), বিটিআরসি।

প্রতি

.....  
.....

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):**

- ১। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বিটিআরসি।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব/ ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়গণের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। অফিস কপি।